# সহীহ ইবনু হিব্বান (হাদিসবিডি)

হাদিস নাম্বারঃ ২৫৩৯

৯. কিতাবুস সালাত (كتاب الصلاة)

পরিচ্ছেদঃ পূর্বে উল্লেখিত হাদীসের শব্দের আমরা যে ব্যাখ্যা করলাম, তার বিশুদ্ধতা প্রমাণে হাদীস

ذِكْرُ الْخَبَرِ الدَّالِّ عَلَى صِحَّةِ مَا تَأَوَّلْنَا اللَّفْظَةَ الَّتِي ذَكَرْنَاهَا قَبْلُ

---

আরবী

2539 ـ أَخْبَرَنَا عَبْدُ اللَّهِ بْنُ مُحَمَّدٍ الْأَزْدِيُّ حَدَّثَنَا إِسْحَاقُ بْنُ إِبْرَاهِيمَ أَخْبَرَنَا جَرِيرُ بْنُ عَبْدِ الْحَمِيدِ عَنِ الْأَعْمَشِ عَنْ أَبِي صَالِحٍ عَنْ أَبِي هُرَيْرَةَ قَالَ: ذَكَرْنَا لَيْلَةَ الْقَدْرِ عِنْدَ رسول الله صلى الله عليه وسلم فَقَالَ رَسُولُ اللَّهِ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (كَمْ مَضَى مِنَ الشَّهْرِ؟ ) فَقُلْنَا: مَضَى اثْنَانِ وَعِشْرُونَ يَوْمًا وَبَقِيَ ثمانٍ فَقَالَ صَلَّى اللَّهُ عَلَيْهِ وَسَلَّمَ: (لَا بَلْ مَضَى اثْنَانِ وَعِشْرُونَ يَوْمًا وَبَقِيَ سبعٌ الشَّهْرُ تسعٌ وَعِشْرُونَ يَوْمًا فَالْتَمِسُوهَا الليلة)
الراوي : أَبُو هُرَيْرَةَ | المحدث : العلامة ناصر الدين الألباني | المصدر : التعليقات الحسان على صحيح ابن حبان
الصفحة أو الرقم: 2539 | خلاصة حكم المحدث: صحيح ـ ((صحيح أبي داود)) (2008).

বাংলা

২৫৩৯. আবূ হুরাইরা রাদ্বিয়াল্লাহু আনহু থেকে বর্ণিত, তিনি বলেন, “আমরা রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লামের কাছে লাইলাতুল কদর সম্পর্কে আলোচনা করলে, তিনি বলেন, “রমযানের কতদিন বাকী আছে?” আমরা বললাম, “২২ দিন চলে গেছে আর ৮ দিন আছে।” রাসূল সাল্লাল্লাহু আলাইহি ওয়া সাল্লাম বলেন, “না, বরং ২২ দিন গত হয়েছে আর ৭ দিন বাকী আছে। এই মাস ২৯ দিনের। কাজেই তোমরা এই রাতে তা (লাইলাতুল কদর) অন্বেষন করো।”[1]

ফুটনোট

[1] মুসনাদ আহমাদ: ২/২৫১; ইবনু মাজাহ: ১৬৫৬; সুনান বাইহাকী: ৪/৩১০।

আল্লামা শুআইব আল আরনাঊত রহিমাহুল্লাহ হাদীসটিকে বুখারী ও মুসলিমের শর্তে সহীহ বলেছেন। আল্লামা নাসিরুদ্দিন আলবানী রহিমাহুল্লাহ হাদীসটিকে সহীহ বলেছেন। (সহীহ আবূ দাঊদ: ২০০৮)

হাদিসের মান: সহিহ (Sahih) পুনঃনিরীক্ষিত

পাবলিশারঃ হাদিসবিডি  বর্ণনাকারীঃ আবূ হুরায়রা (রাঃ)

Link — https://www.hadithbd.com/hadith/link/?id=91865

হাদিসবিডির প্রজেক্টে অনুদান দিন